

আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعْرَاء

আয়াতঃ ২৬ : ১৫৫

আরবি মূল আয়াত:

قَالَ هَذِهِ نَاقَةٌ لَهَا شِرْبٌ وَلَكُمْ شِرْبُ يَوْمٍ مَّعْلُومٍ ﴿١٥٥﴾

অনুবাদসমূহ:

সালিহ বলল, 'এটি একটি উষ্ট্রী; তার জন্য পানি পানের পালা একদিন আর তোমাদের পানি পানের পালা আরেক নির্দিষ্ট দিনে'। — আল-বায়ান

সালিহ বলল- 'এই একটি উটনি, এর জন্য আছে পানি পানের পালা আর তোমাদের জন্য আছে পানি পানের পালা নির্ধারিত দিনে। — তাইসিরুল

সালিহ বললঃ এই যে উষ্ট্রী, এর জন্য রয়েছে পানি পানের এবং তোমাদের জন্য রয়েছে পানি পানের পালা নির্ধারিত এক এক দিনে। — মুজিবুর রহমান

He said, "This is a she-camel. For her is a [time of] drink, and for you is a [time of] drink, [each] on a known day. — Sahih International

১৫৫. সালিহ বললেন, এটা একটা উষ্ট্রী, এর জন্য আছে পানি পানের পালা এবং তোমাদের জন্য আছে নির্ধারিত দিনে পানি পানের পালা;

-

তফসীরে জাকারিয়া

(১৫৫) সালেহ বলল, 'এ যে উটনী, এর জন্য রয়েছে পানি পানের পালা এবং তোমাদের জন্য রয়েছে নির্ধারিত দিনে পানি পানের পালা।[1]

[1] এই সেই উটনী, যা তাদের দাবীর পরিপ্রেক্ষিতে পাহাড়ের এক পাথর হতে মুজিয়াস্বরূপ বের হয়েছিল। এক দিন এই উটনীর জন্য এবং পরদিন তাদের উটের পানি পান করার জন্য নির্দিষ্ট ছিল। আর তাদেরকে বলে দেওয়া হয়েছিল, যেদিন তোমাদের পালা সেদিন ঐ উটনী ঘাটে আসবে না। আর যেদিন উটনীর পানি পান করার পালা সেদিন তোমাদের ঘাটে আসার অনুমতি নেই।

তফসীরে আহসানুল বায়ান

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন